

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৯৪

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ৩. দ্বিতীয় 'অনুচ্ছেদ - তাকদীরের প্রতি ঈমান

باب الإيمان بالقدر _ الفصل الثاني

আরবী

وَعَن عَبَادَة بِن الصَّامِت قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم يَقُول «إِنَّ أُوَّلَ مَا خَلَقَ اللَّهُ الْقَلَمُ فَقَالَ اكْتُبْ فَقَالَ مَا أَكْتُبُ قَالَ اكْتُبِ الْقَدَرَ مَا كَانَ وَمَا هُوَ كَائِنٌ إِلَى الْأَبْدِ» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ هَذَا حَدِيثٌ غَرِيبٌ إِسْنَادًا

বাংলা

৯৪-[১৬] 'উবাদাহ্ ইবনুস্ সামিত (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আল্লাহ সর্বপ্রথম যে বস্তুটি সৃষ্টি করেছিলেন তা হচ্ছে কলম। অতঃপর তিনি কলমকে বললেন, লিখ। কলম বলল, কী লিখব? আল্লাহ বললেন, রুদর (কদর) (তারুদীর) সম্পর্কে লিখ। সুতরাং কলম- যা ছিল ও ভবিষ্যতে যা হবে, সবকিছুই লিখে ফেলল। (তিরমিযী; ইমাম তিরমিয়ী বলেছেন, হাদীসটি সানাদ হিসেবে গরীব)[1]

English

Chapter: Belief in the Divine Decree - Section 2

'Ubada b. as-Samit reported God's messenger as saying, "The first thing God created was the pen. He told it to write and when it asked Him what it should write He told it to write what was decreed, so it wrote what had taken place and what would take place to all eternity."

Tirmidhi transmitted it, saying that this is a tradition whose isnad is gharib.

ফুটনোট

[1] সহীহ: তিরমিয়ী ২০৮১, সহীহহুল জামি' ২০১৭, আহমাদ ৫/৩১৭। এটি ইমাম তিরমিয়ী (রহঃ)-এর উক্তির অর্থ সরাসরি উক্তি নয়। আর তিনি "রুদর (কদর)" অধ্যায়ের ২০/২৩ নং হাদীসে এর হুকুম সম্পর্কে বলেছেনঃ



ত্রাদীসটি এই সানাদে গরীব)। আর "তাফসীর' অধ্যায়ের ২/২৩২ নং পৃষ্ঠায় এ সানাদেই হাদীসটি সংকলন করে বলেছেনঃ حَدِيْتٌ حَسَنٌ غَرِيْبٌ مِنْ هِذَا الْوَجْهِ (হাদীসটি সংকলন করে বলেছেনঃ حَدِيْتٌ حَسَنٌ غَرِيْبٌ مِنْ هِذَا الْوَجْهِ (হাদীসটি হাসান গরীব)। আপাতদৃষ্টিতে ইমাম তিরমিযীর উভয় উক্তির মাঝে অসঙ্গতি মনে হলেও মূলত তা নেই। গরীব হওয়ার কারণ 'আবদুল ওয়াহিদ ইবনু সুলায়ম যিনি একজন দুর্বল রাবী। আর হাসান হওয়ার কারণ তিনি হাদীসটি বর্ণনায় কোন স্তরে একাকী হয়ে যানিন। তিনি (ওয়াহিদ ইবনু সুলায়ম) হাদীসটি 'আত্বা ইবনু রিবাহ থেকে, তিনি ('আত্বা ইবনু রিবাহ) ওয়ালীদ ইবনু 'উবাদাহ ইবনুস্ সামিত (রাঃ)থেকে, আর ওয়ালীদ তার পিতা 'উবাদাহ ইবনুস্ সামিত (রাঃ)থেকে বর্ণনা করেছেন। ইমাম আহমাদ (রহঃ)-ও হাদীসটি তার মুসনাদের ৫/৩১৭ নং পৃঃ, 'উবাদাহ ইবনু ওয়ালীদ ইবনু 'উবাদাহ অবং ইয়ায়ীদ ইবনু আবী হাবীব উভয়ে ওয়ালীদ ইবনু 'উবাদাহ ইবনু সামিত থেকে এ সূত্রে সংকলন করেছেন। ইমাম আবু দাউদ কর্তৃক 'উবাদাহ ইবনুস্ সামিত (রাঃ)থেকে বর্ণিত এ হাদীসের আরও একটি সানাদ রয়েছে। অতএব, এ শাহিদ বর্ণনাগুলোর ভিত্তিতে হাদীসটি নিশ্চিতভাবে সহীহ। এ হাদীসটিই আল্লাহ তা'আলা সর্বপ্রথম তোমার নাবীর নূর সৃষ্টি করেছেন। 'হে জাবির' মর্মে বর্ণিত হাদীসটি মিথ্যা হওয়ার ব্যাপারে সুস্পষ্ট প্রমাণ। আলবানী (রহঃ) বলেনঃ আমি উক্ত মিথ্যা হাদীসটির সানাদ জানার চেষ্টা করেছে, কিন্তু পাইনি।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (أُوَّلَ مَا خَلَقَ اللّهُ الْقَلَمُ) 'আল্ আযহার' গ্রন্থে উল্লেখ রয়েছে যে, আল্লাহ তা'আলা সর্বপ্রথম কলম সৃষ্টি করেছেন। অর্থাৎ- 'আর্শ (আরশ), পানি ও বায়ু সৃষ্টির পরে প্রথম কলম সৃষ্টি করেছেন। কেননা সহীহ মুসলিমে বর্ণিত আছে যে, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ''আকাশ ও জমিন সৃষ্টির পঞ্চাশ হাজার বৎসর পূর্বে আল্লাহ তা'আরা মাখলুকের তারুদীর নির্ধারণ করেছেন।'' তখন আল্লাহর 'আর্শ (আরশ) ছিল পানির উপরে।

বায়হাকীতে ইবনু 'আব্বাস (রাঃ) থেকে বর্ণিত আছে যে, তাকে জিজ্ঞেস করা হলো, আল্লাহর 'আর্শ (আরশ) পানির উপরে ছিল। তাহলে পানি কিসের উপর ছিল? তিনি বললেনঃ (পানি) বায়ুর পিঠে ছিল। হাফিয ইবনু হাজার ফাতহুল বারীর ১৩ খণ্ডের ১৮৬ পৃষ্ঠায় মারফু' সূত্রে উল্লেখ করেছেন যে, ''আর্শ (আরশ) সৃষ্টির পূর্বে পানি সৃষ্টি করা হয়েছে''। হাদীসটি ইমাম আহমাদ ও তিরমিয়ী বর্ণনা করেছেন।

তবে মুসনাদে আহমাদ ও তিরমিযীতে 'উবাদাহ্ ইবনুস্ সামিত (রাঃ) থেকে সহীহ সানাদে মারফূ' সূত্রে বর্ণিত হাদীস। আল্লাহ তা'আলা প্রথমে কলম সৃষ্টি করলেন। অতঃপর বললেন, তুমি লিখ। অতঃপর কলম কিয়ামাত (কিয়ামত) পর্যন্ত যা ঘটবে তা লিখলো।

এ হাদীস পূর্বে উল্লিখিত হাদীসের মধ্যে সমন্বয় এই যে, পানি ও 'আর্শ (আরশ) ব্যতীত যা সৃষ্টি করা হয়েছে তন্মধ্যে কলম প্রথম সৃষ্টি। 'আর্শ (আরশ) ও কলম এ দু'টির মধ্যে কোন বস্তু আগে সৃষ্টি করা হয়েছে- এ সম্পর্কেও মতভেদ রয়েছে। অধিকাংশ 'আলিমের মতে 'আর্শ (আরশ) আগে সৃষ্টি করা হয়েছে। ইবনু জারীর ও তার অনুসারীদের মতে কলম আগে সৃষ্টি করা হয়েছে।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ উবাদা ইব্নুস সামিত (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন